দৈনিক বাংলা

তারিখ 21 OCT 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩

০১

# এসএসসি পাস সকলকে ভর্তি ফর্ম দেয়া হোক

২-১০-৯৩ ইং তারিখের দৈনিক বাংলা জনমত কলামে তৃতীয় বিভাগের ছাত্র-ছাত্রীরা কোথা যাবে? এই শিরোনামে প্রকাশিত চিঠিটি আমার দৃষ্টি আকর্ষণ করেছে। চিঠিতে বলা হয়েছে, ন্যূনতম দ্বিতীয় বিভাগ ছাড়া কাউকে একাদশ শ্রেণীতে ভর্তির ফরম দেয়া হয় না। এটা অত্যন্ত দুঃখজনক এবং এতে ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্যে দারুণ হতাশার সৃষ্টি হয়েছে। এ প্রসঙ্গে একটি কথা বলা যেতে পারে যে যেসব ছাত্র-ছাত্রী দ্বিতীয় ও তৃতীয় বিভাগে পাস করে তাদের মধ্যে নম্বরের বড় একটা তফাৎ থাকে না। অধিকাংশ ভাল ছাত্র-ছাত্রী নানাবিধ কারণে পরীক্ষায় ভাল ফল করতে পারে না। এ জন্যে তাদের অবজ্ঞার চোখে দেখা সমীচীন হবে না। তাছাড়া যারা প্রথম ও দ্বিতীয় বিভাগে পাস করবে তারাও যে সবাই ভর্তি হতে পারবে তার কি কোন নিশ্চয়তা আছে? তাদের লিখিত পরীক্ষা ও ভাইবা দিতে হয়। একথা বললেও মিথ্যা বলা হবে না যে, অনেক তৃতীয় বিভাগে পাস করা ছাত্র-ছাত্রী দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের চাইতে কোন অংশে খারাপ নয়। এমনও দৃষ্টান্ত আছে যে তৃতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা এইচএসসি পরীক্ষায় ভাল ফল করেছে। ভাল বিভাগে পাস করা ছাত্র-ছাত্রীরা যে সব সময় সব পরীক্ষায় ভাল ফল করতে পারবে, তারও কোন নিশ্চয়তা নেই। যে কোন ছাত্র-ছাত্রী পরিশ্রমী ও অধ্যবসায়ী হলে পরীক্ষায় ভাল ফল করতে পারে এবং জীবনে উন্নতি করতে পারে, এতে কোন সন্দেহ নেই।

তাই কর্তৃপক্ষের প্রতি আমার আবেদন, সব বিভাগে পাস করা ছাত্র-ছাত্রীদের ভর্তির ফরম দেয়া হোক যাতে উচ্চ শিক্ষা লাভে আগ্রহী ছাত্র-ছাত্রীরা উচ্চ শিক্ষার আলো থেকে বঞ্চিত না হয় এবং যাতে তারা তাদের জীবনকে সুন্দরভাবে গড়ে তোলার সুযোগ পায়।

কাজী মোঃ মাহবুবুল হক
রতনপুর, ব্রাহ্মণবাড়িয়া।